গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১৪.২১-১২৫৭ তারিখঃ ১৯/০৯/২০২২

**বিষয়ঃ চট্টগ্রাম জেলার বারইয়ারহাট পৌরসভার বর্জ্য স্থায়ীভাবে ব্যবস্থাপনার লক্ষ্যে ডাম্পিং স্টেশনের জমি ক্রয়ের জন্য তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: বারইয়ারহাট পৌরসভা কার্যালয়ের স্মারক নং-বা:পৌ:/প্রশাসন/০১/২০২২/২৭৩; তারিখ: ১২/০৫/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম জেলার বারইয়ারহাট পৌরসভার বর্জ্য স্থায়ীভাবে ব্যবস্থাপনার লক্ষ্যে ডাম্পিং স্টেশনের জন্য ব্যক্তি মালিকানাধীন জমি ক্রয়ের প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদিসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) উক্ত প্রস্তাবিত জমিতে ডাম্পিং স্টেশন নির্মাণের বিষয়ে জমি ক্রয়ের জন্য পৌরসভার আর্থিক সক্ষমতা আছে কিনা এবং কর্মরত কর্মচারীদের বেতন-ভাতা হালনাগাদ পরিশোধিত আছে কিনা;

(খ) পৌরসভার বিদ্যুৎ বিল, টেলিফোন বিল হালনাগাদ পরিশোধ সংক্রান্ত সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র;

(গ) পৌরসভার বিগত ০৩ বছরের আয়-ব্যয়ের হিসাব ও গৃহিত উন্নয়ন প্রকল্প গ্রহণের তথ্যাদি;

(ঘ) রেকর্ডীয় মালিক হিসেবে প্রস্তাবিত জমির মালিকানা সংক্রান্ত দলিল ও পর্চার কপি;

(ঙ) ক্রয়ের জন্য প্রস্তাবিত জায়গার অবকাঠামো ও দাগ নম্বর স্পষ্ট করে স্কেচ ম্যাপ (ট্রেসিং পেপারে রঙ্গিন ভিন্ন কালি দ্বারা চিহ্নিত করে);

(চ) প্রস্তাবিত ডাম্পিং স্টেশন নির্মাণ স্থানের আশে-পাশে কোন উন্নয়নমূলক কার্যক্রমের পরিকল্পনা আছে কিনা সে বিষয়ে প্রস্তাবিত জমি সরেজমিন পরিদর্শন প্রতিবেদন;

(ছ) প্রস্তাবিত জমি ক্রয়ের ক্ষেত্রে উক্ত জমিতে পৌর মেয়র, কাউন্সিলর, কোন কর্মকর্তা/কর্মচারী বা তাদের কোন আত্মীয়ের বা তাদের মালিকানাধীন বা তাদের কোন আর্থিক স্বার্থ নেই মর্মে অঙ্গীকারনামা;

(জ) বিগত তিন বছরের তফসিলভূক্ত মৌজার জমি ক্রয় বিক্রয়ের গড় মৌজা মূল্য সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রার কর্তৃক প্রেরণ এবং প্রস্তাবিত জমির বর্তমান বাজার মূল্য তালিকা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রেরণ;

(ঝ) প্রস্তাবিত জমি নির্বাচন করা হলে আশে-পাশের বসবাসকারীগণের কোন অসুবিধার সৃষ্টি হবে কিনা এবং পরিবেশের কোন ক্ষতি হবে কিনা সে বিষয়ে প্রতিবেদন।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৯/০৯/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র
বারইয়ারহাট পৌরসভা, চট্টগ্রাম।

**অনুলিপিঃ**

০১। যুগ্ম-সচিব (নঃউঃ-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

H:\E\ALL FILE\ভূমি অধিগ্রহণ সংক্রান্ত\Letter (Equisation).doc109